# আল-হজ্জ | Al-Hajj | ٱلْحَجّ

আয়াতঃ ২২ : ৫১

## আরবি মূল আয়াত:

وَ الَّذِیۡنَ سَعَوۡا فِیۡۤ اٰیٰتِنَا مُعٰجِزِیۡنَ اُولٰٓئِکَ اَصۡحٰبُ الۡجَحِیۡمِ ﴿۵۱﴾

## অনুবাদসমূহ:

আর যারা আমার আয়াতসমূহকে ব্যর্থ করে দেয়ার চেষ্টা করে, তারা জাহান্নামের অধিবাসী। — আল-বায়ান

আর যারা আমার নিদর্শনের বিরুদ্ধে চেষ্টা চালায়, সেগুলোর উদ্দেশ্যকে ব্যর্থ করার জন্য, তারাই হল জাহান্নামের বাসিন্দা। — তাইসিরুল

আর যারা আমার আয়াত ব্যর্থ করার চেষ্টা করে তারাই হবে জাহান্নামের অধিবাসী। — মুজিবুর রহমান

But the ones who strove against Our verses, [seeking] to cause failure - those are the companions of Hellfire. — Sahih International

৫১. এবং যারা আমাদের আয়াতসমূহকে ব্যর্থ করার চেষ্টা করে, তারাই হবে জাহান্নামের অধিবাসী।

-

তাফসীরে জাকারিয়া

(৫১) আর যারা আমার আয়াতকে ব্যর্থ করার অপচেষ্টা করে[1] তারাই হবে জাহান্নামের অধিবাসী।

[1] مُعَاجِزِين শব্দের অর্থ হল এই ধারণা পোষণ করা যে, তারা আমাকে ব্যর্থ করে দেবে, নিষ্ক্রিয় বা ক্লান্ত করে ফেলবে, আর আমি তাদেরকে পাকড়াও করতে সক্ষম হব না। কারণ তারা পুনর্জীবন ও হিসাব-নিকাশের ব্যাপারে অবিশ্বাসী ছিল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2646

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন